117

দৈনিক জনকণ্ঠ

তারিখ 13 FEB 1994
পৃষ্ঠা ৮ কলাম ৩

কৃষি বিশ্ববিদ্যালয়

# ছাত্র অনুপাতে শিক্ষকের সংখ্যা সবচেয়ে বেশি

বাংলাদেশের সকল বিশ্ববিদ্যালয়ের মধ্যে কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রী অনুপাতে শিক্ষকের সংখ্যা সবচে' বেশি। অর্থাৎ ৮ দশমিক ৩৭ জন ছাত্রের জন্য একজন শিক্ষক রয়েছে। বাকৃবি মেডিসিন বিভাগের একজন প্রফেসর এ তথ্য জানান।

উল্লেখ্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ১১ দশমিক ২২ জন ছাত্রের জন্য একজন শিক্ষক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ১২ দশমিক ৬২ জন ছাত্রের জন্য একজন শিক্ষক, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৫ দশমিক ৮০ জন ছাত্রের জন্য একজন শিক্ষক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১৬ দশমিক ৪২ জন ছাত্রের জন্য একজন শিক্ষক, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২১ দশমিক ৪০ জন ছাত্রের জন্য একজন শিক্ষক এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২৮ দশমিক ৪৪ জন ছাত্রের জন্য একজন শিক্ষক রয়েছেন। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে এতো বিপুল সংখ্যক শিক্ষক-শিক্ষার্থীর অনুপাতের দিকে নজর দিলে বুঝা যায়, আমাদের বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষক সংখ্যা ছাত্র অনুপাতে কম। ১৯৯১ সালের এক পরিসংখ্যানে দেখা যায়, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মোট ৩ হাজার ১শ' ৪২ জন শিক্ষকের মধ্যে ৬শ' ২০ জন ছুটিতে আছেন। অর্থাৎ শতকরা ২০ ভাগ শিক্ষক ছুটিতে আছেন। এমতাবস্থায় ক্লাসে পাঠদান, ক্লাসরুমে ছাত্র সংকুলান ল্যাবরেটরি সংকুলান কষ্টকর হয়ে পড়ে। সময়মতো কোর্স সমাপ্ত হয় না এবং শিক্ষা বছর ক্ষতিগ্রস্ত হয়।